

তারিখ : 23/12/2016

**আর বি আই দেরাদুনে ব্যাংকিং লোকপাল কার্যালয় প্রতিষ্ঠা করল**

নিকট অতীতে ব্যাংকিং পরিষেবার বিস্তার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ার ফলে এবং বর্তমান কানপুর ব্যাংকিং লোকপাল কার্যালয়ের এন্টিয়ারভুক্ত অঞ্চলের বিশালতার কথা বিবেচনা করে ভারতীয় রিজার্ভ ব্যাংক দেরাদুনে ব্যাংকিং লোকপাল কার্যালয় প্রতিষ্ঠা করেছে।

ভারতীয় রিজার্ভ ব্যাংক –এর অন্তর্গত ব্যাংকিং লোকপাল কার্যালয়, দেরাদুনের এন্টিয়ারে থাকবে সমগ্র উত্তরাখণ্ড রাজ্য এবং এছাড়াও পশ্চিম উত্তরপ্রদেশের সাতটি জেলা যেমন সাহারাণপুর, শামলি (প্রবুধ নগর), মুজাফফর নগর, বাগপত, মীরাঠ, বিজনোর এবং অমরোহা (জ্যোতিবা ফুলে নগর) যে জেলাগুলি বর্তমানে কানপুর ব্যাংকিং লোকপাল কার্যালয়ের এন্টিয়ারের অন্তর্ভুক্ত ছিল।

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনী : 2016-2017/1642